

# ঢাবির জহুরুল হক হলে জুলাই স্মৃতি স্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপন

ঢাবি প্রতিনিধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে জুলাই স্মৃতি স্তম্ভের ভিত্তিপ্রস্তর স্থাপনসহ নানা উন্নয়নমূলক কাজের উদ্বোধন করেছেন উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। বৃহস্পতিবার (১৭ জুলাই) সন্ধ্যায় উপাচার্য ঐতিহাসিক জুলাই গণ-অভ্যুত্থানের প্রথমবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে হলের আয়োজিত এক অনুষ্ঠানে এ সবকিছু উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে ‘জুলাই স্মৃতি স্তম্ভ’-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ ছাড়া হলের সংস্কারকৃত টিভি রুম, রিডিং রুম, মসজিদ, মেডিসিন কর্নার এবং ক্যান্টিনসহ বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের উদ্বোধন করেন।

এর আগে উপাচার্য হলে আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি এবং আলোকচিত্র প্রদর্শনী ঘুরে দেখেন।

অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী,  
প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, হল প্রাধ্যক্ষ  
অধ্যাপক ড. মো. ফারুক শাহ এবং হলের আবাসিক শিক্ষক ও  
শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান জুলাই যোদ্ধাদের প্রতি  
শ্রদ্ধা জানিয়ে বলেন, যে প্রজন্ম সরাসরি মাঠে নেমে অন্যায়ের  
বিরুদ্ধে প্রতিবাদ করেছে এবং রক্ত দিয়েছে, তাদের নিয়ে  
যেকোনো আয়োজন গর্বের ও আনন্দের বিষয়। ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের এ ধরনের আয়োজন সকলের জন্য উন্মুক্ত।

জুলাই গণ-অভ্যুত্থান পরবর্তী নতুন বাংলাদেশে সমাজের সকলকে  
নিয়ে আমরা চলতে চাই। আমরা শিক্ষা ও গবেষণার উন্নয়নে  
শিক্ষক, শিক্ষার্থী, অ্যালামনাই, সমাজের বিভূবান ব্যক্তি এবং  
সরকারি-বেসরকারি সকল প্রতিষ্ঠানের সহযোগিতা চাই।

তিনি বলেন, জুলাই অভ্যুত্থানে শিক্ষার্থীরা দেশের নতুন ইতিহাস  
রচনা করেছে, ভালো উদাহরণ তৈরি করেছে। আমরা চাই এই  
ধারা অব্যাহত থাকুক।

প্রশাসন ও শিক্ষকদের প্রতিপক্ষ হিসেবে আমরা শিক্ষার্থীদের  
দেখতে চাই না। শিক্ষার্থীরা প্রশাসনের সঙ্গে হাতে হাত মিলিয়ে  
আরো ভালো উদাহরণ তৈরি করবে বলে তিনি প্রত্যাশা করেন।

